# পরিবেশ নীতিমালা (Environmental Policy)

| ডকুমেন্ট নং (Document No) | ইস্যু তারিখ (Issue Date) | রিভিশন নং (Revision No) | রিভিশন তারিখ (Revision Date) | অনুমোদনকারী (Approved By) |
|---|---|---|---|---|
| | | | | |

নিম্নোক্ত নীতিমালা সমূহ পরিবেশ সংরক্ষন সংক্রান্ত নীতিমালা হিসেবে বিবেচ্য হবে এবং -------------- লিমিটেড এর জন্য প্রযোজ্য হবে। নীতিমালা সমূহ নিম্নে উল্লেখ করা হল ঃ

<u>বায়ু দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা</u> ঃ

১. কারখানার সম্ভাব্য সকল স্থানে উপযুক্ত প্রজাতির ও সংখ্যার বৃক্ষরোপন পূর্বক সবুজ বেষ্টনী গড়ে তুলতে হবে।
২. কারখানার অভ্যন্তরে শ্রমিকদের স্বাস্থ্য সম্মত গ্রহনযোগ্য মাত্রার পর্যাপ্ত বায়ু সঞ্চালন নিশ্চিত করতে হবে।
৩. কারখানার সৃষ্ট দূষিত ধোঁয়া দ্বারা পারিপার্শ্বিক বায়ু দূষণ করা যাবে না ।
৪. একান্তই দূষিত ধোঁয়া নিঃসরণের প্রয়োজন হলে তা নিয়ন্ত্রনের মধ্যে রাখতে হবে এবং লক্ষ্য রাখতে হবে যে, উহা যেন কারখানার শ্রমিক ও স্থানীয় জনসাধারনের স্বাস্থ্য হানির কারন না হয় ।
৫. গার্মেন্টস বর্জ্য ধোঁয়া স্বাস্থ্যসম্মতভাবে কর্মরত শ্রমিকদের নিকট থেকে যথাসম্ভব নিরাপদ দুরত্বে নির্গমন করতে হবে ।
৬. কারখানার বর্জ্য কেমিক্যাল হতে নিঃসরিত গ্যাস মানব দেহের জন্য ক্ষতিকর বিধায় তা নিয়মিতভাবে অপসারন করার ব্যবস্থা করতে হবে ।
৭. লোকালয় বা জনসমাগমের স্থানে কোন কেমিক্যাল বা পচনশীল বর্জ্য ফেলা যাবে না ।
৮. শ্রমিকদের স্বাস্থ্যসম্মত বাতাস নিশ্চিত করতে কারখানার ভিতরে বা কোন বদ্ধ স্থানে পর্যাপ্ত এক্সজষ্ট ফ্যানের ব্যবস্থা করতে হবে
৯. দূর্ঘটনা জনিত কারনে কখনো বায়ু দূষণ ঘটলে তা কারখানা ও স্থানীয় লোকজনকে দ্রুত অবগত করনের মাধ্যমে জরুরী ভিত্তিতে দূর্ঘটনার স্থান থেকে সরানোর ব্যবস্থা করতে হবে ।
১০. গার্মেন্টস কারখানার সুইং সেকশনে উড়ন্ত তন্তুজ কণা ব্যাপকভাবে বায়ু দূষণ ঘটায়, বিধায় কার্যরত সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে ।
১১. বায়ু দূষণ ও এর প্রতিরোধ সম্পর্কে সকল স্তরের কর্মচারীদের অবহিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত সকল সেকশন ইনচার্জগণ এ ব্যাপারে মূখ্য ভুমিকা পালন করবেন এবং নিয়মিত প্রচার ও প্রেষণার ব্যবস্থা করবেন ।
১২. পরিবেশ অধিদপ্তর থেকে কোন কারনে বায়ু দূষণ সম্পর্কে কোন অভিযোগ উথাপিত হলে তড়িৎ ব্যবস্থা গ্রহনের মাধ্যমে তার সমাধান করতে হবে ।

<u>পানি দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা</u> ঃ

১.কারখানার বর্জ্য, কেমিক্যাল বা দূষিত পানি / তরল সরাসরি নদীতে ফেলা যাবে না।
২.কারখানা এলাকায় কর্মরত ও বসবাসরত কর্মকর্তা বা কর্মচারীদেরকে সার্বক্ষনিকভাবে সুপেয় পানির ব্যবস্থা করা হবে এবং তা সুপেয় পানির পরিশোধনাগার হতে সরবরাহ করা হবে ।
৩. কখনো স্থানীয় জনসাধারণ বা সরকারী কর্তৃপক্ষ হতে অত্র কোম্পানীর বিরুদ্ধে পানি দূষণের অভিযোগ উথাপিত হলে পরিচালক তা দ্রুত রোধ করার ব্যবস্থা করবেন এবং পরবর্তীতে একটি তদন্ত পর্ষদ গঠনের মাধ্যমে উহার সঠিকতা, কারণ ও প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

<u>শব্দ দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা</u> ঃ

১. কারখানার যে সকল মেশিন উচ্চ শব্দ সৃষ্টি করে সেগুলো এমনভাবে স্থাপন করতে হবে যেন সেস্থানে কর্মরত বা আশেপাশের লোকদের ক্ষতিগ্রস্থ না করতে পারে ।
২. উচ্চ শব্দ সৃষ্টিকারী সকল মেশিন যথাযথ যন্ত্রের মাধ্যমে পরীক্ষা করে শব্দের মাত্রা নির্ধারন করতে হবে এবং মেশিনের পার্শ্বে দৃষ্টিযোগ্য স্থানে লিখে রাখতে হবে ।
৩. যে সকল মেশিন চালনার সময় মানব দেহের গ্রহনযোগ্য মাত্রার (৮০ ডি বি) চেয়ে বেশী শব্দ সৃষ্টি করে, সে সকল মেশিনের অপারেটরদের উক্ত শব্দ মাত্রা প্রতিরোধকারী হেড সেট (Ear Drum) ব্যবহার করতে হবে।

৪. সকল কারখানার ফ্লোরগুলোতে কোন ভারী যন্ত্র চালনা, ব্যবহার, সরানো বা প্রতিস্থাপনের সময় খেয়াল রাখতে হবে যে, সৃষ্ট শব্দ যেন মাত্রাতিরিক্ত শব্দ দূষণ না ঘটাতে পারে ।

৫. কাজের সময় কর্মীরা অযথা গল্প, কথাবার্তা বা চেঁচামেচি করবে না। এতে উক্ত ফ্লোরে শব্দ দূষনের মাত্রা বৃদ্ধি পেয়ে উৎপাদন হ্রাস পাওয়ার সম্ভাবনা থাকে। এ ব্যাপারে সেকশন ইনচার্জগণ, লাইনচীফ, সুপারভাইজারগণ প্রতিনিয়ত দৃষ্টি রাখবেন ।

৬. একই বিল্ডিং বা ইমারতের বিভিন্ন ফ্লোরে গার্মেন্টস কারখানা ও শব্দ সৃষ্টিকারী কোন ইউনিট অবস্থান করলে সর্বদা লক্ষ্য রাখতে হবে যে, এগুলো যেন শব্দ দূষণ সৃষ্টি করে অন্যান্য কারখানার কর্মীদের কাজে কোনরূপ অসুবিধা সৃষ্টি না করতে পারে

**ঝুট ও অন্যান্য পচনশীল ও অপচনশীল বর্জ্যের অপসারন সংক্রান্ত নীতিমালা ঃ**

১. সকল গার্মেন্টস ইন্ডাষ্ট্রির ছেড়া/অবশিষ্ট বর্জ্য কাপড় বা ঝুট, পলিব্যাগ, কার্টুন ও অন্যান্য আবর্জনা সংশ্লিষ্ট ফ্লোর হতে প্রতিনিয়ত সংগ্রহ করতে হবে যাতে ফ্লোরে এসমস্ত বর্জ্যের মাধ্যমে দূষণ সৃষ্টি করতে না পারে।

২. সকল গার্মেন্টস ইন্ডাষ্ট্রির ছেড়া/অবশিষ্ট বর্জ্য কাপড় বা ঝুট, পলিব্যাগ, কার্টুন ও অন্যান্য আবর্জনা পরিমাপ করে বর্জ্য ফেলার নির্দিষ্ট স্থানে (ওয়েস্টেজ রুম) পৃথক পৃথক ভাবে জমা করতে হবে ।

৩. বর্জ্য অপসারনের জন্য চুক্তিবদ্ধ কোম্পানী বর্জ্যগুলোকে পরিবেশ বান্ধব উপায়ে ধ্বংস করবে কিংবা পুনরায় ব্যবহার উপযোগী করে তৈরী করার ব্যবস্থা করবে।

৪. পলিথিন জাতীয় কোন বর্জ্য পোড়ানো যাবে না বা নদীতে ফেলা যাবে না ।

৫. যে কোন ধরনের বর্জ্য, পচনশীল বা অপচনশীল বর্জ্য খোলাভাবে ফেলে রাখা যাবে না; কোন ঢাকনাযুক্ত বা ঢাকনাহীন ডাষ্টবিনে জমা করতে হবে ।

৬. ঝুট বিক্রির পর অবশিষ্ট বিক্রয় অযোগ্য আবর্জনা/বর্জ্য পদার্থ বর্জ্যবাহী গাড়ীতে করে বর্জ্য ডাম্প করার স্থানে ফেলে আসার ব্যবস্থা করতে হবে ।

৭. বিভিন্ন নির্মিতব্য বিল্ডিং/ইমারত অথবা কারখানার সংস্কারের কাজে ব্যবহৃত নির্মান সামগ্রীর উচ্ছিষ্ট আবর্জনা নির্মানকারী কোম্পানী/সংস্থার নিজ দায়িত্বে অপসারন করতে হবে ।

**উপসংহার ঃ**

শুধু প্রশাসনের পক্ষে এককভাবে পরিবেশ সংরক্ষন করা সম্ভব নয়। এ ব্যাপারে সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীকে মনোযোগী ও আন্তরিক হতে হবে। কারখানা এলাকায় দূর্ঘটনাজনিত কারনে অতি দ্রুত পরিবেশ বিনষ্ট হবার আশংকা থাকে বিধায় এ ব্যাপারে সকলকে সচেতন থাকতে হবে। এ ছাড়াও প্রতিটি প্লান্ট বা ফ্যাক্টরী দূর্ঘটনাজনিত কারনে পরিবেশ বিপর্যয় এড়াতে বিস্তারিত নির্দেশাবলী প্রণয়ন করবে এবং সংশ্লিষ্ট সকলকে তা' নিয়মিত অবহিত রাখতে হবে। কোন সেকশন ইনচার্জ যদি কখনো খেয়াল করেন যে তার দায়িত্বাধীন এলাকা কোন পরিবেশ দূষণ করছে তবে তৎক্ষনাৎ তিনি তা ম্যানেজার (এডমিন এন্ড কমপ্লায়েন্স)-এর সাথে আলোচনা সাপেক্ষে প্রতিকারের ব্যবস্থা করবেন ।

| প্রস্তুতকারী (Prepared By) | অনুমোদনকারী (Approved By) | অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature) | সীল (Seal) |
|---|---|---|---|
| পরিবেশ বিভাগ | | | |